নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৩০ ২০ নভেম্বর ২০২৫

সংবাদ-বিজ্ঞপ্তি

# টাইমস হায়ার এডুকেশনের ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি

টাইমস হায়ার এডুকেশনের ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। আজ বৃহস্পতিবার (২০ নভেম্বর ২০২৫) যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) তাদের অফিসিয়াল ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিং প্রকাশ করে। এতে বৈশ্বিক পর্যায়ে ৫০১ থেকে ৬০০ এর মধ্যে এবং বাংলাদেশে ৭ম অবস্থান অর্জন করে নোবিপ্রবি।

এই অর্জনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এটি আমাদের শিক্ষক-শিক্ষার্থী, গবেষক এবং প্রশাসনের সম্মিলিত প্রচেষ্টার ফসল। এ সময় তিনি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ৫০১ থেকে ৬০০ এর মধ্যে অবস্থান এবং জাতীয় পর্যায়ে সপ্তম স্থান অর্জন করায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অভিনন্দন জানান। বিশ্ববিদ্যালয় পরিবার, শিক্ষা মন্ত্রণালয়, ইউজিসিসহ সকল অংশীজনদের সহযোগিতায় ভবিষ্যতেও নোবিপ্রবি সাফল্যের এ ধারা অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উপাচার্য আরও বলেন, এই স্বীকৃতি নোবিপ্রবির অবিচল অগ্রগতি এবং বৈশ্বিক দৃশ্যপটে এর শক্তিশালী অবস্থানকে নিশ্চিত করে। এই র‍্যাঙ্কিং সাফল্য প্রমাণ করে যে, নোবিপ্রবি গবেষণা ও বিজ্ঞানচর্চায় ক্রমশ উন্নতি সাধন করছে। সাম্প্রতিক সময়ে ইরাসমাস প্লাস উদ্যোগ, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা চুক্তি এবং গবেষণানির্ভর নীতিমালা বাস্তবায়নের মাধ্যমে নোবিপ্রবি আন্তর্জাতিক অবস্থানকে সুদৃঢ় করেছে। তিনি বলেন, নোবিপ্রবিকে ভবিষ্যতে আরও গবেষণাকেন্দ্রিক, উদ্ভাবনসক্ষম ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা নোবিপ্রবি তথা বাংলাদেশকে বৈশ্বিক অঙ্গণে আরও উজ্জ্বলভাবে তুলে ধরতে বদ্ধপরিকর।

এ বিষয়ে নোবিপ্রবি র‍্যাঙ্কিং এন্ড স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট সেল এর অতিরিক্ত পরিচালক ড. ফাহদ হুসাইন বলেন, ''যা পরিমাপ করা যায় তার উন্নতি ঘটানো যায়" এই নীতিকে ধারণ করে আমরা নোবিপ্রবিকে আন্তর্জাতিক অঙ্গনে আরও সুস্পষ্টভাবে পরিচিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। এ ধরনের অর্জন আমাদের জন্য গভীর অনুপ্রেরণা এবং আগামীতে আরও ভালো ফলের আশায় আমাদের নিরলস পরিশ্রম করে যেতে হবে। তবেই নোবিপ্রবির অগ্রগতি ও কল্যাণ অব্যাহত থাকবে।

প্রসঙ্গত, ২০২৬ সালের টাইমস্ হায়ার এডুকেশনের ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স র‍্যাঙ্কিংয়ে বিশ্বের ৯৪টি দেশ ও অঞ্চলের ৯১১টি বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউট অন্তর্ভুক্ত হয়েছে। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রথম অবস্থানে রয়েছে। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেট্স ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি)। এশিয়ায় নানিয়ান টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি, সিঙ্গাপুর এবং নেদারল্যান্ডসের ওয়াজেনিনজেন ইউনিভার্সিটি অব রিসার্চ ইউরোপে প্রথম স্থান অর্জন করেছে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪